27 8 1986
দৈনিক সংবাদ

...১৯৮৬
তারিখ 27 FEB 1986 ১৩৯২
পৃষ্ঠা 3 কলাম 2
014

# উপজেলায় কেন্দ্রীয়ভাবে প্রাথমিক কেন্দ্র পরীক্ষা অনুষ্ঠানের আহবান

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা সচিব কাজী জালালুদ্দীন আহমেদ প্রাথমিক শিক্ষার মনোন্নয়নের লক্ষ্যে দেশের সকল উপজেলায় কেন্দ্রীয়ভাবে প্রাথমিক কেন্দ্র পরীক্ষা অনুষ্ঠানের জন্য উপজেলা পরিষদগুলোর প্রতি আহবান জানিয়েছেন।

গতকাল বুধবার তিনি ধামরাই উপজেলায় প্রাথমিক কেন্দ্র পরীক্ষায় উত্তীর্ণ কৃতী ছাত্র-ছাত্রী এবং শ্রেষ্ঠ শিক্ষকগণের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। এতে সভাপতিত্ব করেন ধামরাই উপজেলা চেয়ারম্যান জনাব শরীফুল ইসলাম খান শরীফ. বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আনোয়ার হোসেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিবদ্বয় জনাব আহমদ হোসেন ও জনাব আবদুল হক।

শিক্ষা সচিব জানান, দেশে ৩৭ হাজার সরকারী এবং ৭ থেকে ৯ হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। স্কুলে পড়া বয়সের ছেলে-মেয়ের সংখ্যা হচ্ছে দেড় কোটি। এর মধ্যে ৯০ লাখ স্কুলে পড়ে। এ অবস্থা চলতে দেয়া যায় না। সরকার ইতিমধ্যে উন্নয়ন কর্মসূচী নিয়েছেন। আগামী অর্থবছরে একশ' উপজেলাকে এর আওতায় আনা হবে এবং এর মধ্যে ধামরাইকে অন্তর্ভুক্ত করা হবে। তিনি আশ্বাস দেন, ধামরাইয়ের স্কুল ও কলেজ ভবনগুলোর উন্নয়নে পদক্ষেপ নেয়া হবে। ধামরাই-সহ কয়েকটি উপজেলায় প্রাথমিক শিক্ষার ছাত্র- ছাত্রীদের কেন্দ্রীয় পরীক্ষা হয়েছে। সবগুলোতে এরকম পরীক্ষা নেয়া প্রয়োজন ছাত্র-ছাত্রীদের মেধা যাচাই ও উৎসাহ দেয়ার জন্য।

জনাব আনোয়ার হোসেন বলেন, শুধু যে ৫০ লাখ ছেলে-মেয়ে স্কুলে যাচ্ছে না, তা নয়, একই সাথে দেখা যাচ্ছে মাত্র ২৫ ভাগ ছাত্র-ছাত্রী পঞ্চম শ্রেণীর গণ্ডি পেরোতে পারছে। বাকী ৭৫ ভাগের অধিকাংশ লেখাপড়া ছেড়ে দেয়।

উপজেলা চেয়ারম্যান জানান, উপজেলার কর্মকর্তা, শিক্ষকসহ স্থানীয় জনগণ এ পরীক্ষার সাফল্যের জন্য প্রশংসার যোগ্য। অনুষ্ঠানে উপজেলার সহকারী কমিশনার জনাব মহিউদ্দিন আহমদ, শিক্ষা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষক সমিতির স্থানীয় সভাপতি প্রমুখ ভাষণ দেন। পরে শিক্ষা সচিব পুরস্কার বিতরণ করেন।